উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।

উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর ডিসেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ তনিমা আফ্রাদ
প্রশাসক, উপজেলা পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।
সভার তারিখ ঃ ২৩.১২.২০২৪ খ্রি., সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের উন্নয়নে সকল নির্বাচিত জনপ্রতিনিধিগণকে এবং সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং সরকারি নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপস্থিত জনপ্রতিনিধি ও দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

অতঃপর, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	বিভাগসমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, গাজীপুর সভাকে অবহিত করেন যে, প্রতি অর্থ বছরের ন্যায় ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাবদ ১ম কিস্তিতে ১৫,২৩,০০০/- টাকা পাওয়া গেছে। উক্ত বরাদ্দ সম্ভাব্য ০৪ কিস্তি ধরে ২০২৪-২০২৫ অর্থবছরে =(১৫,২৩,০০০×৪) মোট = ৬০,৯২,০০০/- (ষাট লক্ষ বিরানব্বই হাজার) টাকা পাওয়া যেতে পারে এবং উক্ত অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের উদ্বিত্ত ছিলো ৫,৭৯,৪৬,৪৮৩.৯২ (পাঁচ কোটি উনআশি লক্ষ ছেচল্লিশ হাজার চারশত তিরাশি দশমিক নয় দুই) টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে সর্বমোট = (৫,৭৯,৪৬,৪৮৩.৯২ + ৬০,৯২,০০০) = ৬,৪০,৩৮,৪৮৩.৯২ টাকা হতে সর্বনিম্ন (১) কৃষি ও ক্ষুদ্র সেচঃ (ক) কৃষি ও সেচ ১০% (খ) মৎস্য ও প্রাণিসম্পদ ৫% (গ) ক্ষুদ্র ও কুটির শিল্প ৫% (২) বস্তুগত অবকাঠামো (ক) পরিবহন ও যোগাযোগ ১৫% (খ) জনস্বাস্থ্য ১৫% (৩) অর্থ সামাজিক অবকাঠামো: (ক) শিক্ষার উন্নয়ন ১০% (খ) স্বাস্থ্য ও সমাজকল্যাণ ১৫% (গ) যুব, ক্রীড়া ও সংস্কৃতি ১০% (ঘ) মহিলা ও শিশু কল্যাণ ১০% হারে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। সভায় সকল বিভাগীয় প্রধান, সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য এবং সুশীল সমাজ এর নিকট হতে প্রকল্পের চাহিদার তালিকা অত্র দপ্তরে প্রেরণের অনুরোধ জানান। তিনি সভায় আরও অবগত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় মোট ৭২টি প্রকল্প গ্রহণ করা হয় তন্মধ্যে ০২ টি কাজ বর্তমানে চলমান (যার গড় অগ্রগতী ৯৭ শতাংশ), ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় মোট ২৯ টি প্রকল্প গ্রহণ করা হয় তন্মধ্যে ০২ টি কাজ বর্তমানে চলমান (যার গড় অগ্রগতী ৯৮ শতাংশ) এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/বার্ষিক উন্নয়ন	১। ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় জরুরি ভিত্তিতে প্রকল্পের তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। ২। ২০২১-২০২২ অর্থবছরের কাজ উক্ত অর্থবছরেই সম্পাদিত হওয়ার কথা। কোন বিশেষ কারণে প্রকল্প সম্পন্ন করা সম্ভব না হলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা প্রকৌশলী লিখিতভাবে উপজেলা চেয়ারম্যান এর নজরে আনার কথা। অসম্পন্ন ২টি প্রকল্পের বিষয়ে লিখিতভাবে উপজেলা চেয়ারম্যানকে জানানো হয়েছিল কিনা তার প্রমাণক উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়। ৩। ২০২২-২০২৩ অর্থবছরের কাজ উক্ত অর্থবছরেই সম্পাদিত হওয়ার কথা। কোন বিশেষ কারণে প্রকল্প সম্পন্ন করা সম্ভব না হলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা প্রকৌশলী লিখিতভাবে উপজেলা চেয়ারম্যান এর নজরে আনার কথা। অসম্পন্ন ২টি প্রকল্পের বিষয়ে লিখিতভাবে উপজেলা চেয়ারম্যানকে জানানো হয়েছিল কিনা তার প্রমাণক উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়। ৪। ২০২৩-২০২৪ অর্থবছরের কাজ উক্ত অর্থবছরেই সম্পাদিত হওয়ার কথা। কোন বিশেষ কারণে প্রকল্প সম্পন্ন করা সম্ভব না হলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা প্রকৌশলী লিখিতভাবে উপজেলা চেয়ারম্যান এর নজরে আনার কথা। অসম্পন্ন ৬টি প্রকল্পের বিষয়ে লিখিতভাবে উপজেলা চেয়ারম্যানকে জানানো হয়েছিল কিনা তার	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর।

		কর্মসূচী/উপজেলা উন্নয়ন সহায়তা (থোক বরাদ্দ) খাতে সর্বমোট ৯,৬৪,০৯,৮২৬/- টাকা আওতায় মোট ৮,২৯,৪৯,৮২৬/- টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত টাকায় ২০২৩-২০২৪ অর্থবছরে সর্বমোট ৪৭ টি প্রকল্প গ্রহণ করা হয়। তন্মধ্যে ৪১ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে ৬ টি কাজ চলমান। কাজের অগ্রগতি ৯৭ শতাংশ। উপজেলা প্রকৌশলী সভায় অবগত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গৃহীত প্রকল্প হতে ক্রয়কৃত মশার ঔষধ এর ১৫০০ লিটার ক্যামিকেল ও ৯০০ লিটার কেরোসিন উপজেলা পরিষদ গোডাউনে মজুদ রয়েছে।	প্রমাণক উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়। ৫। ২০২৩-২০২৪ অর্থ বছরে মশার ঔষধ ক্রয় ও ছিটানো সংক্রান্ত সকল নথি পর্যালোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার এর নিকট দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	
০২	উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর জানান অন্যান্য মাসের ন্যায় গত মাসে হাসপাতালে আগত সাধারন রোগী ও জরুরি রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। তিনি আরও জানান জন্ম ও মৃত্যু নিবন্ধনে কালীগঞ্জ উপজেলা প্রথম স্থান অধিকার করেছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি হাসপাতালের মেইন গেট নির্মাণ ও সাইনবোর্ড তৈরি, টিকাদান কেন্দ্রের চারপাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ, আগত রোগীদের বসার রুম নির্মাণ, হাসপাতালের ড্রেইন নির্মাণ, রাস্তার সড়ক বাতি, স্টোর রুম নির্মাণ, সিলিং ফ্যানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। এছাড়া হাসাপাতালের আশেপাশের বাসাবাড়ীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থার পাইপ হাসপাতালের ড্রেইনের সাথে খুলে দেওয়ায় প্রচুর দুর্গন্ধ হয় মর্মে উল্লেখ করে এর প্রতিকারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৩	উপজেলা কৃষি অধিদপ্তর	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২,০০০(দুই হাজার) জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা হিসেবে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৪,০০০ (চার হাজার) কেজি ধান বীজ বিতরণ করা হয়। প্রতিজন কৃষক ০১(এক) বিঘা জমির জন্য বিনামূল্যে ০২ কেজি হাইব্রিড জাতের ধান বীজ পেয়েছেন। ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের (উফশী জাত) সমলয় চাষাবাদের মাধ্যমে (Synchronize Cultivation) এর ০১ (এক) টি ৫০ একরের ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে ব্রিধান-৯২ জাতের ৬০০ কেজি ধান বীজ, ৪,৫০০টি ট্রে, ইউরিয়া ৪.৫ মেঃ টন ডিএপি ২.০০ মেঃ টন, এমওপি ২.৫ মেঃ টন সার বিতরণ করা হয়েছে। কালীগঞ্জ উপজেলায় বোরো সিজনে পানি সমস্যা দেখা দেয়। অনেক ডিপটিউবেল নষ্ট অবস্থায় আছে, মেরামত করা হচ্ছে না। এজন্য পানি সেচে সমস্যা হয়। চলমান রবি মৌসুমে ধান ক্ষেতে পানি সেচ দেয়ার জন্য রাত ১২.০০ ঘটিকা থেকে সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করেন। তিনি উপজেলা	উপজেলা কৃষি বিভাগের মাঠ পর্যায়ের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

		পরিষদ থেকে সেইফ ফুড জৈব সার প্ল্যান্ট নির্মাণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। তিনি জানান যে, জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদের কুলথুন গ্রামের বাসিন্দা মনিরা নামে ব্যক্তি জৈব সার উৎপাদন ও বিক্রয় করছেন। তাকে দেখে অন্যান্য কৃষকরাও আগ্রহ প্রকাশ করেছেন। তাই প্রান্তিক গরীব কৃষকদের জন্য জৈব সার প্লান্ট তৈরী করে দেয়া যায় এবং নাগরীর বির্তুল গ্রামে সবজি বিদেশে রপ্তানি করা হয়। তাই সবজি চাষ উৎসাহিত করার জন্য এসব কৃষকদের কৃষি যন্ত্রপাতি সরবরাহ করা যায়। এছাড়া তিনি পাওয়ার টিলার ক্রয়, মোক্তারপুর, জামালপুর ইউনিয়নের জন্য ফুট পাম্প স্প্রে মেশিন ক্রয়ের জন্য অর্থ বরাদ্দের জন্য অনুরোধ করেন।		
০৪	উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর	উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিসম্পদ বিভাগের সম্প্রসারণ কার্যক্রম, কৃত্রিম প্রজনন ও চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । পশু খাদ্যে ভেজাল প্রতিরোধে ফিড মিল নিয়মিত পরিদর্শন, খাদ্য নমুনা পরীক্ষর জন্য গবেষণাগারে প্রেরণ করা হচ্ছে। প্রতিনিয়ত পোল্ট্রি খামার, ডেইরী ও বীফ ফ্যাটেনিং খামার পরির্দশন করা হচ্ছে। খাদ্য বিক্রেতা ও খামারীদেরকে ভেজাল খাদ্য বিক্রি এবং ভেজাল খাদ্য না খাওয়ার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। পোল্ট্রি ফিড ও ক্যাটেল ফিডে স্টেরয়েড ব্যবহার না করার জন্য খাদ্য বিক্রেতা ও খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। ক্ষুরারোগ ও লাম্পিস্কিন ডিজিজ নিয়ন্ত্রণে উঠান বৈঠক ও লিফলেট বিতরণের মাধ্যমে সচেতন করা হচ্ছে। কালীগঞ্জ উপজেলার মাংস বিক্রেতাদের পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ এর আওতায় নিবন্ধনের আওতায় আনার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১৮টি পিজির ৬৩৫ জন সদস্যদের নিয়ে গঠিত প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুল কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ঈশ্বরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২১০ শিক্ষার্থীর মাঝে মিল্ক ফিডিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বিভিন্ন এলাকায় ক্ষুরারোগের এবং এল.এস.ডি রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় রোগ নিয়ন্ত্রনে টিকা প্রদান কার্যক্রম জোরদার করা হয়েছে। ঘাস চাষ কার্যক্রমও জোরদার করা হয়েছে। তাছাড়া আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। গত অক্টোবর/২০২৪ এ ৪০০০০ ছাগল ভেড়ার মাঝে পিপিআর রোগ নিয়ন্ত্রণে গণ টিকা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিভিন্ন ধরনের খামার ও পশুখাদ্য বিক্রেতাদের নিবন্ধনের বিষয়ে বাধ্যবাধকতা থাকলেও এ ব্যাপারে যথেষ্ট সাড়া মিলছে না। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদসহ উপজেলা পরিষদের সর্বাত্নক সহোযোগিতা প্রয়োজন। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশ ফেরত জনগণ পশু পালন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত আবেদন জমা দিচ্ছে। নাস্তরিক অর্থ বরাদ্দ না থাকায়	উপজেলা প্রাণি সম্পদ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

		তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলা পরিষদ হতে প্রাণিসম্পদ দপ্তরকে অর্থ বরাদ্দ প্রদান করা প্রয়োজন। নভেম্বর/২০২৪ইং মাসের সম্প্রসারণ কার্যক্রমের বিবরণঃ (১) গবাদী পশুর চিকিৎসা প্রদান----৪৬০৯ টি (২) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান-১০৯৮৩৩ টি (৩) গবাদী পশুর প্রতিষেধক টিকা দান------ ৪২২০০ মাত্রা (৪) হাঁসমুরগী প্রতিষেধক টিকা দান--------- ১২১০০০ মাত্রা রাজস্ব আদায়ঃ (ক) টিকা বিক্রি বাবদ------৩৬২০০/= টাকা (খ) কৃত্রিম প্রজনন ফি বাবদ----৪৪১৭৫/=টাকা (গ) খামার রেজিষ্ট্রেশন ফি------১৬০০/=টাকা গবাদী পশুর এনথ্রাক্স, এফ.এম.ডি ও বি. কিউ এবং ছাগল ভেড়ার পি.পি আর রোগের প্রতিষেধক টিকা প্রদান করা হচ্ছে। মুরগীর রানীক্ষেত, গামবোরো, ফাউল পক্স ও হাঁসের প্লেগ ও ডাক কলেরা রোগের টিকা প্রদান করা হচ্ছে। তিনি কালীগঞ্জ উপজেলার জাঙ্গালিয়া, বক্তারপুর ইউনিয়নের গরুর ভেক্সিন প্রদানের জন্য অর্থ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন এবং অফিসে সেবা নিতে আসা আগত ব্যক্তিদের বসার জন্য একটি শেড নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।		
০৫	উপজেলা মৎস্য অধিদপ্তর	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, যাটকা রক্ষা কার্যক্রম এবং বাজার পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। তিনি বেলাই বিলের বেরুয়া ব্রীজ ও নলী ব্রীজ অংশে মাছের অভয়াশ্রম তৈরীর জন্য প্রস্তাব পেশ করেন। তাছাড়া উপজেলা পরিষদের পুকুরে মাছের খাদ্য প্রদানের জন্য অনুরোধ করেন। এজন্য উপজেলা পরিষদ পুকুরে মাছের এই প্রকল্প গ্রহণ করা যায়। তাছাড়া আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের মৎসচাষে উদ্বুদ্ধকরণে সোমবাজার পুকুরে মৎস চাষের প্রকল্প গ্রহণ করা যায়। বিভিন্ন মৎস্য চাষীর পুকুর ও খামার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে মর্মে অবহিত করেন।	উপজেলা মৎস্য বিভাগের অধীন সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৬	উপজেলা রিসোর্স সেন্টার	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন ও বিদ্যালয় মোবাইল পরিদর্শন এবং স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান চলমান আছে। তিনি আরও জানান গ্রীষ্মকালে প্রশিক্ষণ কক্ষে প্রচুর গরম থাকে। ফলে প্রশিক্ষণার্থীদের খুবই কষ্টের মাঝে প্রশিক্ষণ নিতে হয়। এজন্য প্রশিক্ষণ কক্ষে এয়ার কন্ডিশনার স্থাপনের জন্য অনুরোধ করেন।	উপজেলা রিসোর্স সেন্টার এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর।
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মাঠ পর্যায়ের কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হয়। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের সামনের দেয়াল আগাছা দ্বারা নোংরা হওয়ায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তা পরিষ্কার করত: রং করার জন্য বলা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে উপস্থিত থেকে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর ও সংশ্লিষ্ট সকল

০৮	উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের সমাপনী পরীক্ষা শেষ এবং পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ৩য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বই পাওয়া গেছে, ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বই এখনো পাওয়া যায়নি। তিনি অফিসের বসার জন্য চেয়ার, টেবিল এবং ফাইলপত্র রাখার জন্য আলমিরা প্রদানের জন্য আবেদন করেন। তিনি জাঙ্গালিয়া, মোক্তারপুর ও বক্তারপুর ইউনিয়নের স্কুলের দরিদ্র ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বাবদ ভালো মানের লাঞ্চ বক্স এবং স্কুল ব্যাগ বক্স প্রদানের জন্য অনুরোধ করেন। এজন্য জাঙ্গালিয়া, মোক্তারপুর ও বক্তারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে ২টি করে স্কুলের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এছাড়াও তিনি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবকদের বসার জন্য অভিভাবক শেড নির্মাণ করার জন্য প্রস্তাব পেশ করেন। পরবর্তীতে যেসব বিদ্যালয়ে অভিভাবকরা বেশি আসেন, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর সাথে আলোচনাক্রমে যাচাই করে সেরকম ৫টি বিদ্যালয় নির্বাচন করে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়াও মুনশুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)কে বলা হয়। এছাড়াও উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত শিশুমেলা আইডিয়াল স্কুলের রং নষ্ট হয়ে যাওয়াতে নতুনভাবে রং করণের প্রস্তাব উপস্থাপন করেন।	উপজেলা শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৯	উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলায় ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়, ২৯টি মাদ্রাসা, ৩টি কলেজ রয়েছে। তিনি বক্তারপুর ও জাঙ্গালীয়া ইউনিয়নের মোট ৬টি বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরন ও ক্রীড়া উপকরন প্রদানের জন্য অনুরোধ করেন। তাছাড়া তিনি ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা শেষ করতে বোর্ড থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে জানান। তিনি মাদ্রাসার ছাত্রীদের জন্য পৃথক ওয়াশ ব্লক নির্মাণের নিমিত্ত বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। তাকে অগ্রাধিকার ভিত্তিতে ৫টি মাদ্রাসার নামের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
১০	উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বাংলাদেশের চতুর্থ অর্থনৈতিক শুমারি গত ১০ ডিসেম্বর ২০২৪ থেকে শুরু হয়ে অদ্যাবধি চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	পরিসংখ্যান বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১১	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তারা মূলত স্যানিটেশন ও পানি নিয়ে কাজ করেন। প্রশাসক, জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, আওড়াখালী বাজারে কোন পাবলিক টয়লেট নেই। এছাড়া অন্যান্য বাজারেও পাবলিক টয়লেট প্রয়োজন। ইউনিয়ন পরিষদের	উপজেলা জনস্বাস্থ্য বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালীগঞ্জ, গাজীপুর।

		চেয়ারম্যানগণের সাথে আলোচনাক্রমে প্রতিটি ইউনিয়ন পরিষদের অধীনে স্থানীয় বাজারে ১টি করে পাবলিক টয়লেট নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়।		
১২	উপজেলা সমাজসেবা অধিদপ্তর	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বয়স্ক, বিধবা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর, বেদে ভাতা ও অনগ্রসর শিক্ষা ও বেদে শিক্ষা উপবৃত্তি মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১ম কিস্তির ভাতা বিতরণের নিমিত্ত মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপিত ব্যক্তির তথ্য হালনাগাদ করা হচ্ছে। লিভার, কিডনী, লিভারসিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগ রোগীদের ০৮ টি আবেদনপত্র জমা পড়েছে। যা জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ন নাগরিক কার্ড প্রাপ্তির জন্য ৪২ টি আবেদনপত্র জমা পড়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ন নাগরিক কার্ড প্রস্তুত করে বিতরন হয়েছে। সকল ইউনিয়ন পরিষদে গনমিলানায়তন নির্মাণ করা প্রয়োজন। বাহাদুরসাদী ইউনিয়ন পরিষদের গনমিলনায়তন দখলমুক্ত করে মেরামত করার বিষয়ে আলোচনা করেন।	উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ভাতা বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
১৩	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ ভিডিব্লিউবি চক্রের আবেদন অনলাইনে শুরু হবে জানুয়ারি/২৫ এর ১ম সপ্তাহে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় জুলাই/২৪ হতে ডিসেম্বর/২৪ প্রতি মাসে প্রতি ইউনিয়নে ৫ (পাঁচ) জন করে এবং পৌরসভায় প্রতিমাসে প্রতি ওয়ার্ডে ১ জন করে মোট ৯ জন উপকারভোগী নির্বাচনের কাজ চলমান। এছাড়া তিনি পরিষদের লাইটিং করার বিষয়ে এবং অফিস ভবনের ছাদের আগাছা ও ময়লা পরিষ্কার করানোর জন্য অনুরোধ করেন।	উপজেলা মহিলা বিষয়ক বিভাগের অধীন ভি ডব্লিউ বি, মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১৪	উপজেলা সমবায় অধিদপ্তর	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলাধীন ০১ টি কেন্দ্রীয় সমবায় সমিতিসহ ২১৯টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। ১৪৫টি কার্যকর ও ৭৪টি অকার্যকর সমবায় সমিতি। ২০২৩-২০২৪ খ্রি. সনে ১১১টি কার্যকর সমিতি ও ১টি কেন্দ্রীয় সমিতিসহ মোট ১১২টি সমিতির মধ্যে নভেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত ৫০% সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয়েছে। সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে সহজ শর্তে ঋণ, সদস্যদের আবাসনের সমস্যা দূরীকরণে আবাসন প্রকল্প, আর্থিক সমস্যা দূরীকরণে মার্কেট/দোকান স্থাপন, মৎস্য চাষ, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা, হস্তশিল্পজাত পণ্য তৈরী, ডেইরী ফার্ম প্রকল্প ইত্যাদি। অত্র উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির মাধ্যমে প্রায় ৫২০ জন পুরুষ ও মহিলার চাকুরীর মাধ্যমে কর্মসংস্থান হয়েছে এবং সমিতিগুলো থেকে ঋণ নিয়ে প্রায় ৬৫,৫২০ জন পুরুষ ও মহিলার স্বকর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা দূর হয়েছে। নভেম্বর/২০২৪ পর্যন্ত ২০ জন সমবায়ীকে আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,	উপজেলা সমবায় বিভাগের আওতায় সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

		নরসিংদীতে ও কোটবাড়ী কুমিল্লায় প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে এবং ২টি ভ্রাম্যমান প্রশিক্ষণে ৫০ জন পুরুষ ও মহিলাকে প্রশিক্ষণ করা হয়েছে। তিনি জরুরিভিত্তিতে জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদের ষ্টোর রুম ও বাথুম মেরামতের বিষয়টি উল্লেখ করেন। এছাড়া তিনি তার দপ্তরের জন্য বিভিন্ন সমিতির নথিপত্র রাখার জন্য ষ্টোর রুমের জন্য আবেদন করেন।		
১৫	উপজেলা আনসার ও ভিডিপি অধিদপ্তর	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আইন শৃঙ্খলা রক্ষার স্বার্থে বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগ করা হয়েছে।	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৬	উপজেলা পল্লী উন্নয়ন অধিদপ্তর	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর বর্তমানে ০৯ টি প্রকল্প নিয়ে কাজ করছে।	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায়সহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৭	পল্লী বিদ্যুৎ সমিতি	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সভায় জানান পূবাইল গ্রীডের কাজ শেষ হলে এবং ঘোড়াশাল গ্রীড হতে বিদ্যুতের সরবরাহ বৃদ্ধি করতে পারলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।	কালীগঞ্জ উপজেলায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ করা হয়।	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ, কালীগঞ্জ , গাজীপুর।
১৮	উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ প্রদান কার্যক্রম স্বাভাবিক আছে। চলতি মাসে মোট ৬০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং মোট ১১ জনের আত্মকর্মসংস্থান সৃষ্টি হয়েছে।	উপজেলা যুব উন্নয়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৯	উপজেলা নির্বাচন অধিদপ্তর	উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় পরিচয়পত্র সংশোধনের কার্যক্রম চলমান আছে। চেয়ারম্যান, তুমুলিয়া ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর যেসকল জাতীয় পরিচয়পত্র ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে এবং বিতরণের বাকী রয়েছে সেসকল জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে গিয়ে বিতরণের জন্য অনুরোধ করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা নির্বাচন বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২০	জাতীয় মহিলা সংস্থা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর সভায় জানান যে, জুলাই-২০২৪ মাসে পুনরায় ২০ জন উদ্যোক্তাকে ৫০,০০০/- করে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ঋণ দেওয়া হয়েছে। যা প্রতি মাসের ন্যায় এ অক্টোবর-২০২৪ ইং ক্ষুদ্র ঋণের টাকা পরিশোধ শুরু হয়েছে। নভেম্বর/২৪ মাসে ক্ষুদ্র ঋণ আদায়ের শতকরা হার ৯৯%। ডে-কেয়ার সেন্টারের কার্যক্রম স্থিতিশীল রয়েছে। তাছাড়া নতুন করে রাজস্ব খাতে "সেলাই ও এমব্রয়ডারী" প্রশিক্ষণ ৭ম ব্যাচ চলমান। সেখানে সকাল ও বিকাল ব্যাচ ১৫ জন করে ২ ব্যাচে মোট ৩০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছে। তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর ০৫(পাঁচ) টি ট্রেড সকাল বিকাল ৫০*৫০=২৫০ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত	জাতীয় মহিলা সংস্থার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	দায়িত্ব প্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর।

		হওয়ায় পরবর্তী ব্যাচ চালুকরণের জন্য নতুন ভর্তি বিজ্ঞপ্তি দিয়ে ৫টি ট্রেডে পর্যাপ্ত আগ্রহী প্রশিক্ষণার্থী ফরম অফিস কক্ষে জমা পড়েছে। যাচাই বাছাই করে ডিসেম্বর মাসেই প্রশিক্ষণ শুরু করা হবে। এছাড়াও বিজয় মেলা-২০২৪ এ জাতীয় মহিলা সংস্থা থেকে প্রশিক্ষণ নিয়ে উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। ফলে কালীগঞ্জের সকল নারী উদ্যোক্তাগণ বেশি উৎসাহিত হয়েছে। তাছাড়া নারী ও উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়েছে। তিনি আরও জানান ২-৩টি সেলাই মেশিন দেওয়া হলে প্রশিক্ষণার্থীদের সঠিকভাবে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে। এজন্য তিনি জাতীয় মহিলা সংস্থার জন্য ২-৩ টি সেলাই মেশিন বরাদ্দ চেয়েছেন।		
২১	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণের জন্য বরাদ্দ প্রদান বন্ধ ছিল, বর্তমানে বরাদ্দ ছাড় করা হয়েছে। তিনি নির্মিতব্য বীর নিবাসগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে তদারকির জন্য অনুরোধ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২২	উপজেলা খাদ্য অধিদপ্তর	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ৬টি পয়েন্টে ওএমএস এর খাদ্য বিতরণের কার্যক্রম চলছে। তিনি খাদ্য গুদামে গাড়ী যাওয়া আসার রাস্তাটি প্রশস্তকরণের জন্য এবং গুদামে কাজ করার শ্রমিকদের জন্য একটি টয়লেট নির্মাণ করে দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা খাদ্য বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালীগঞ্জ, গাজীপুর।
২৩	উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) সভায় জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার অবকাঠামো উন্নয়নের কাজ চলমান। তিনি আরও জানান সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের ২টি প্রতিষ্ঠানের ২টি ভবনের কাজ সমাপ্ত হয়েছে, ১টি ভবনের কাজ চলমান, বে-সরকারি রাজস্ব (কোড নং-৭০১৬) এর আওতায় ১৯টি প্রতিষ্ঠানের মধ্যে ৭টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ১২টি ভবনের কাজ চলমান। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৭টি প্রতিষ্ঠানের মধ্যে ৫টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ২টি ভবনের কাজ চলমান। নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ ১০টি প্রতিষ্ঠানের মধ্যে ৮টি সমাপ্ত হয়েছে, ২টির কাজ চলমান রয়েছে।	উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চলমান শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ/উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা প্রকৌশল), কালীগঞ্জ, গাজীপুর।
২৪	ইসলামিক ফাউন্ডেশন	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	ইসলামিক ফাউন্ডেশনের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শনসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ।

২৫	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর দপ্তরের ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	১। পল্লী সঞ্চয় ব্যাংক, কালীগঞ্জ শাখার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে অনুরোধ করা হয়। ২। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কালীগঞ্জ শাখা, গাজীপুর
২৬	উপজেলা তথ্য কেন্দ্র কালীগঞ্জ, গাজীপুর।	তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে নভেম্বর/২০২৪ মাসে তথ্যকেন্দ্র এবং ডোর টু ডোর হতে ৮০০ জনকে ডাইবেটিস পরিমাপ, ব্লাড প্রেসার পরিমাপ, তথ্য কেন্দ্রের সেবাসমূহ প্রচার, আত্নকর্মসংস্থানের লক্ষ্যে ই-কমার্স মার্কেটপ্লেস লাল সবুজ ডট কম (www.lal sobuj. com) এর উদ্যোক্তা হিসেবে নিবন্ধিত হতে গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণসহ বিভিন্ন সেবা প্রদান করা হয়। তিনি আরও জানান বর্ষা মৌসুমে তার অফিস কক্ষে পানি প্রবেশ করে অফিসের আসবাবপত্র নষ্ট হয়ে গেছে। তিনি তাঁর অফিসের জন্য আসবাবপত্র বরাদ্দ প্রদানের অনুরোধ করেন।	তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়), কালীগঞ্জ, গাজীপুর এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর।
২৭	বিবিধ	১। আপ্যায়ন ব্যয় সংক্রান্ত ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক নভেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন।	১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদ মোতাবেক নভেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদন- সহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-২	২। আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/ নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি বাবদ মাসিক সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক নভেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে	২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা - ২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ মোতাবেক নভেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদনসহ উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।

		পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষন করেন।		
	বিবিধ-৩	উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর মহোদয়ের গত ০৭.১১.২০২৪ খ্রি. তারিখে যোগদানের পরই উপজেলা প্রকৌশলীকে মৌখিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের জন্য বলা হলে অদ্যাবধি কাজের কোন অগ্রগতি না থাকায় ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সভায় কাজটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন দ্রুত মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে পুনরায় অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-৪	আসবাবপত্র ক্রয়ঃ উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ মোট ৬৫,৭০০/- (পয়ষট্টি হাজার সাতশত) টাকা ব্যয় হয়েছে। প্রশাসক, উপজেলা পরিষদ উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষন করেন।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা - ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদ মোতাবেক ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ৬৫,৭০০/- (পয়ষট্টি হাজার সাতশত) টাকার ব্যয় বিবরণী অনুমোদনসহ উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-৫	উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের সভার ০১ নং ক্রমিকে তুমলিয়া ইউনিয়নে মশার ঔষধ ও কেরোসিন সরবরাহ ও ছিটানো বাবদ ২,০০,০০০/-, বাহাদুরসাদী ইউনিয়নে মশার ঔষধ ও কেরোসিন সরবরাহ ও ছিটানো = ২,০০,০০০/- এবং নাগরী ইউনিয়নে মশার ঔষধ ও কেরোসিন সরবরাহ ও ছিটানো = ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।	বর্তমানে ডেঙ্গু মশার প্রাদুর্ভাব কমে যাওয়ায় উক্ত প্রকল্পসমূহ পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী বাস্তবায়ন করা হবে মর্মে সভায় সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-৬	অপ্রত্যাশিত খাত থেকে ব্যয় সংক্রান্তঃ প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/ নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দূর্যাগ, অগ্নিকান্ড ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ আছে। উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত থেকে ১ জন ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন।	বিস্তারিত আলোচনান্তে অনিক নামে ব্যক্তিকে তার মায়ের চিকিৎসার জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।

	বিবিধ-৭	প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষায় নিয়োজিত আনসার বাহিনীর বাসার দরজা জানালা অতিদ্রুত সংস্কার/মেরামত করা প্রয়োজন কারন বর্তমান শীতের প্রাদুর্ভাব তাদের এই বর্তমান বাসায় অবস্থান করা অসম্ভবপর হয়ে উঠছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা - ২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষায় নিয়োজিত আনসার বাহিনীর বাসার দরজা জানালা মেরামত/সংস্কারের জন্য উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত /সংরক্ষণ/রংকরণ খাত থেকে মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ব্যয় বিবরণী অনুমোদনসহ উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও •প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-৮	সরকারি হাট-বাজার ও খাস পুকুর ইজারা সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলাধীন ইজারা যোগ্য সরকারি হাট-বাজার বাংলা ১৪৩২ সন এবং সরকারি ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় (খাস পুকুর) বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। কালীগঞ্জ উপজেলাধীন ইজারা যোগ্য সরকারি হাট-বাজার বাংলা ১৪৩২ সন এবং সরকারি ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় (খাস পুকুর) বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। সরকারি হাট-বাজার ও খাস পুকুর ইজারাজনিত পত্রিকার বিজ্ঞপ্তি বিল ও অন্যান্য ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তনিমা আফ্রাদ
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.০১.০০৭.১৯-১০৯৭(৪০)

তারিখ ঃ ০৮ পৌষ ১৪৩১ / ২৩ ডিসেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-
০১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থেঃ-(জেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। উপজেলা..অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০২। চেয়ারম্যান/প্রশাসক..............................ইউপি (সকল), কালীগঞ্জ, গাজীপুর।
০৩। জনাব..
০৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।